দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন
# CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং -৪১/২০২৬ তারিখ: ০৮/০৭/২০২৬ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

## বিভিন্ন সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক আহ্বানকৃত সি এন্ড এফ এজেন্ট নিয়োগের e-GP Tender এ অংশগ্রহণ করা প্রসঙ্গে

এতদ্বারা সম্মানিত সদস্যদের জানানো যাচ্ছে যে, সম্প্রতি বিভিন্ন সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত সংস্থা/প্রতিষ্ঠান সি এন্ড এফ এজেন্ট নিয়োগের ক্ষেত্রে ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে e-GP Tender এর মাধ্যমে দরপত্র আহ্বান করছে।

e-GP Tender সি এন্ড এফ এজেন্টদের জন্য নতুন পদ্ধতি হওয়ায় এবং e-GP Tender এ অংশগ্রহণের প্রক্রিয়া সম্পর্কে সিএন্ডএফ এজেন্টগণের পর্যাপ্ত ধারণার অভাব, e-GP পোর্টালে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত কমিশন হারের সবগুলো ধাপ সংযোজনের সুযোগ না থাকা এবং একাধিক দরপত্রদাতা সি এন্ড এফ এজেন্টের সাথে চুক্তি সম্পাদনের সুযোগ না থাকায় বিভিন্ন সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত সংস্থা/প্রতিষ্ঠান এর সি এন্ড এফ এজেন্ট নিয়োগের জন্য আহবানকৃত e-GP Tender এ অংশগ্রহণ হতে বিরত থাকার জন্য ইতিপূর্বে প্রচারপত্র নং-২৮/২০২৬, তারিখ-২৯/০৪/২০২৬ খ্রি. এর মাধ্যমে অনুরোধ জানানো হয়েছিল।

পরবর্তীতে এসোসিয়েশন থেকে বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি এর নিকট e-GP Tender পোর্টালে এনবিআর অনুমোদিত কমিশন হারের সবগুলো ধাপ সংযোজন এবং পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর)-২০২৫ এর বিধান অনুযায়ী ফ্রেমওয়ার্ক এগ্রিমেন্টের মাধ্যমে একাধিক দরপত্রদাতার সাথে চুক্তি সম্পাদনের নীতিগত অনুমোদন প্রদানের জন্য অনুরোধ জানানো হয়।

এসোসিয়েশনের অনুরোধের প্রেক্ষিতে e-GP Tender পোর্টালে প্রয়োজনীয় সংশোধন এবং একাধিক দরপত্রদাতা সি এন্ড এফ এজেন্টের সাথে চুক্তি সম্পাদনের নীতিগত অনুমোদন প্রদানের আশ্বাস প্রদান করায়, বিভিন্ন সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক আহ্বানকৃত সি এন্ড এফ এজেন্ট নিয়োগের e-GP Tender এ এসোসিয়েশনের টেন্ডার নীতিমালার কোনো ব্যত্যয় না ঘটিয়ে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

**মোঃ শওকত আলী**
সাধারণ সম্পাদক